কালের কণ্ঠ

তারিখ 15 MAR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৬

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছাত্র হত্যার প্রতিবাদে পদত্যাগ করেছিলেন উপাচার্য আবু সাঈদ

১৯৭১ সালের ১৫ মার্চ সুইজারল্যান্ডের জেনেভার একটি পত্রিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে পাকিস্তানি হানাদার বাহিনীর গুলিতে দুজন ছাত্র নিহত হওয়ার খবর প্রকাশিত হয়। ছাত্র হত্যার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য বিচারপতি আবু সাঈদ চৌধুরী তাৎক্ষণিক পদত্যাগ করেন। এ প্রসঙ্গে বিচারপতি চৌধুরী তাঁর 'প্রবাসে মুক্তিযুদ্ধের দিনগুলি' গ্রন্থে উল্লেখ করেন– মার্চের দ্বিতীয় সপ্তাহের শেষের দিকে জেনেভার একটি পত্রিকায় বিশ্ববিদ্যালয়ের দুজন ছাত্র নিহত হবার খবর পেলাম। আমি পনেরই মার্চ ঢাকায় প্রাদেশিক শিক্ষা সচিবের কাছে একটি পত্রে জানাই যে, আমার নিরস্ত্র ছাত্রদের ওপর গুলি চালানোর পর আমার ভাইস চ্যান্সেলর থাকার কোনো যুক্তিসঙ্গত কারণ নেই। তাই আমি পদত্যাগ করলাম এবং পত্রটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পৌঁছে দেয়া হোক।' সংবাদ বিজ্ঞপ্তি।